

খুলনা বিশ্ববিদ্যালয়  
অপেক্ষমাণদের  
ভর্তি আগামী  
২২ ও ২৯ মার্চ

নিম্নরূপ প্রতিবেদক, খুলনা ▷

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল এবং জীববিজ্ঞান স্কুলের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে দেড় শতাধিক শূন্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী রবিবার এবং ২৯ মার্চ এই ভর্তি কার্যক্রম শুরু হবে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের পরিচালক আতিয়ার রহমান জানান, বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলে ইউআরপি, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিজ্ঞান ও পরিসংখ্যান ডিপার্টমেন্টে তৃতীয় অপেক্ষমাণ তালিকা থেকে শূন্য আসনে ভর্তি করা হবে। আগামী ২৯ মার্চ সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত নিবন্ধন এবং নিবন্ধনকৃতদের মধ্য থেকে দুপুর ১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ ভর্তি কার্যক্রম চলবে। অন্যদিকে, জীববিজ্ঞান স্কুলে আগামী রবিবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে। পাশাপাশি একই তারিখ সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত তৃতীয় অপেক্ষমাণ তালিকার নিবন্ধন এবং নিবন্ধনকৃত প্রার্থীদের মধ্য থেকে দুপুর ১২টা থেকে ভর্তি করা হবে।